

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৯.২০১৬- ০৬০

তারিখঃ ১৬/০৭/২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ এ. আর. এম. সাইফুদ্দীন একরাম (৩৯৯৬১), প্রাক্তন অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ এ. আর. এম. সাইফুদ্দীন একরাম (৩৯৯৬১), প্রাক্তন অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৫.০৭.২০১২ তারিখের ৪৫.১৪৬.০০৮.০০.০০.০০৫.২০১২-৭৮৬নং স্মারক মোতাবেক মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ১৩.০৭.২০১৩ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব


ডাঃ এ. আর. এম. সাইফুদ্দীন একরাম (৩৯৯৬১)
প্রাক্তন অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ
রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী।
(স্থায়ী ঠিকানা-পিতা-মৃত ফজলুল হক, কমলাপুর, ডাকঘর-কুষ্টিয়া, থানা-মাজমপুর, জেলা-কুষ্টিয়া)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৯.২০১৬- ০৬০/১৬

তারিখঃ ১৬/০৭/২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। সহকারী সচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮


sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ এ. আর. এম. সাইফুদ্দীন একরাম (৩৯৯৬১), প্রাক্তন অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৫.০৭.২০১২ তারিখের ৪৫.১৪৬.০০৮.০০.০০.০০৫.২০১২-৭৮৬নং স্মারক মোতাবেক মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ১৩.০৭.২০১৩ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য।

আপনি আপনার তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(সৈয়দ মন্জুরুল ইসলাম)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৩- ৫৬২

তারিখঃ ১৫/০৭/২০১৬ খ্রিস্টাব্দ
০৩.১৪২৩ বঙ্গাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ শেখ মোঃ আশিক ইকবাল ফারুকী (৪২৮২২), সহকারী অধ্যাপক (চঃদাঃ), বার্ণ ও প্লাস্টিক সার্জারী বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া গত ২২.০১.২০১৩খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১৩.০২.২০১৪খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৩-১৩৪নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ০৮.১১.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৩-৭৩৩নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৮.০৬.২০১৬ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০১০.২০১৬-১৭৪নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২৮.০৬.২০১৬ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ শেখ মোঃ আশিক ইকবাল ফারুকী (৪২৮২২), সহকারী অধ্যাপক (চঃদাঃ), বার্ণ ও প্লাস্টিক সার্জারী বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়াকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২২.০১.২০১৩খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৩-

৫৬২)১৩৩৩)

তারিখঃ ১৫/০৭/২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ শেখ মোঃ আশিক ইকবাল ফারুকী (৪২৮২২), সহকারী অধ্যাপক (চঃদাঃ), বার্ণ ও প্লাস্টিক সার্জারী বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া (স্থায়ী ঠিকানাঃ- ১৩, ফকিরবাড়ী লেন, হাজি মহসিন রোড, খুলনা)।


(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৬-৫২৮

তারিখঃ ১৪.০৭.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ জসিম উদ্দিন হাওলাদার (৩৮৪৭৮), সিভিল সার্জন, জয়পুরহাট এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী **২১.০৭.২০১৬ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায়** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd


ডাঃ জসিম উদ্দিন হাওলাদার (৩৮৪৭৮)
সিভিল সার্জন
জয়পুরহাট।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৫.২০১৬-৫২৮/১(৯)

তারিখঃ ১৪.০৭.২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। ডাঃ মোঃ শরিফুল ইসলাম, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। অতিরিক্ত সচিব (শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(আসমা তাসকিন)
উপসচিব